

নং-১৩.০০.০০০০.০২২.১৩.০২৯.১৭-২১৪

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ, ১৪২৫ ব:
২৮ মে, ২০১৮ খ্রি:

প্রেরকঃ মোহাম্মদ হেলাল উদ্দিন
উপসচিব

প্রাপকঃ উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
কাউনিয়া, রংপুর।

বিষয়ঃ জনাব ফেরদৌস রফিকুল আলম, প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কাউনিয়া, রংপুর-এর মাসিক নীট পেনশন ও ৮০% আনুতোষিক মঞ্জুরি।

সূত্র: খাদ্য অধিদপ্তরের পত্র নং- ১৩.০১.০০০০.০৩৪.১৩.০১৭.১৭-৩১৮

তারিখ: ২০/০৫/২০১৮ খ্রি:।

জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব ফেরদৌস রফিকুল আলম, প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কাউনিয়া, রংপুর এ মন্ত্রণালয়ের ০৯/০৫/১৭ খ্রিঃ তারিখের ২৫৮ নং প্রজ্ঞাপন মূলে বিগত ১০/০৫/২০১৭ খ্রিঃ হতে ০৯/০৫/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত অবসর উত্তর ছুটি ভোগ শেষে চূড়ান্তভাবে অবসর গ্রহণ করেন। সে প্রেক্ষিতে তিনি পেনশন ফরম ২.১ পূরণপূর্বক তার প্রাপ্য মাসিক নীট পেনশন ও আনুতোষিক মঞ্জুরির জন্য আবেদন করেন। খাদ্য অধিদপ্তরের প্রস্তাবমতে জনাব ফেরদৌস রফিকুল আলম এর বিরুদ্ধে কোন বিভাগীয় বা বিচারিক মামলা বা অভিযোগ অনিষ্পন্ন নেই। তবে প্রাপ্ত দাবী/না-দাবী সনদ অনুসারে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর ভুরুজামারী, কুড়িগ্রাম-এ কর্মকালের বাণিজ্যিক নিরীক্ষা অনিষ্পন্ন রয়েছে। তাই তার প্রাপ্য মাসিক নীট পেনশন ও আনুতোষিক ৮০% এর মঞ্জুরি নিম্নবর্ণিত শর্তাদি সাপেক্ষে জ্ঞাপন করছিঃ

(ক) তাঁর নিকট ভবিষ্যতে সরকারের কোন পাওনা উত্থাপিত হলে তিনি বা তাঁর উত্তরাধিকারীগণ তা পরিশোধ করতে বাধ্য থাকবেন;

(খ) খাদ্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত হিসাব বিবরণী অনুযায়ী তিনি যে পরিমাণ আনুতোষিক প্রাপ্য বলে ধার্য করা হয়েছে, তার ৮০% প্রদানের জন্য পেনশন ফরম ২.১ এর তৃতীয় অংশে মঞ্জুরকারী কর্তৃপক্ষ স্বাক্ষর প্রদান করেছেন।

২। জনাব ফেরদৌস রফিকুল আলম এর প্রাপ্য আনুতোষিকের ৮০% বাবদ ৩৫,৫১,২৯২/- (পঁয়ত্রিশ লক্ষ একাত্তর হাজার দুইশত বিরানব্বই টাকা) ও মাসিক নীট পেনশন বাবদ ১৯,৩০০.৫০ টাকা (উনিশ হাজার তিনশত টাকা পঞ্চাশ পয়সা) প্রদানের জন্য পিপিও বহিঃ জারি করে এই মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল।

৩। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

৪। এ সংক্রান্ত নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করা হলোঃ-

(ক)	নির্ধারিত পেনশন আবেদন ফরম ২.১	১ (এক) কপি
(খ)	সংশ্লিষ্ট কর্মকর্তার ছবি	১ (এক) কপি
(গ)	সংশ্লিষ্ট কর্মকর্তার বৈধ উত্তরাধিকারী ঘোষণাপত্র (সংযোজনী-২)	১ (এক) কপি
(ঘ)	সংশ্লিষ্ট কর্মকর্তার নমুনা স্বাক্ষর ও অঙ্গুলির ছাপ (সংযোজনী-৬)	১ (এক) কপি
(ঙ)	সংশ্লিষ্ট কর্মকর্তার চাকরি বিবরণী	১ (এক) কপি
(চ)	সংশ্লিষ্ট কর্মকর্তার শেষ বেতনের সনদ (ই,এল,পি,সি) (সংযোজনী-১)	১ (এক) কপি
(ছ)	সংশ্লিষ্ট কর্মকর্তার বিষয়ে সর্বশেষ কর্মস্থলের না-দাবী প্রত্যয়নপত্র (সংযোজনী-৮)	১ (এক) কপি
(জ)	সংশ্লিষ্ট কর্মকর্তার বিষয়ে চূড়ান্ত না-দাবী সনদ	১ (এক) কপি
(ঝ)	সংশ্লিষ্ট কর্মকর্তার অঙ্গীকার নামা	১ (এক) কপি
(ঞ)	সংশ্লিষ্ট কর্মকর্তার চাকরি খতিয়ান বহিঃ (মূল খন্ড)	১ (এক) কপি
(ট)	সংশ্লিষ্ট কর্মকর্তার পিআরএল আদেশ	১ (এক) কপি

সংযুক্তিঃ বর্ণনামতে

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ হেলাল উদ্দিন)

উপসচিব

ফোন: ৯৫৪০১১২

sasestabadmin@mofood.gov.bd

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ, ১৪২৫ ব:

২৮ মে, ২০১৮ খ্রি:

নং-১৩.০০.০০০০.০২২.১৩.০২৯.১৭-২১৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।

২.৩। পরিচালক(প্রশাসন/হিসাব ও অর্থ), খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।

৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর।

৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয়, ১৬ আব্দুল গনি রোড ঢাকা।

৬। জেলা খাদ্য নিয়ন্ত্রক, রংপুর।

৭। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কাউনিয়া, রংপুর।

৮। প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয়-মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য।

৯। জনাব ফেরদৌস রফিকুল আলম, প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কাউনিয়া, রংপুর, (বর্তমান ঠিকানা: বাসা নং-৪৩, রোড নং-১, নজরুল ইসলাম রোড, কেরানীপাড়া (নাসিরাবাদ), রংপুর।



(মোহাম্মদ হেলাল উদ্দিন)

উপসচিব